

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, MAY 2025

THIRD YEAR (BATCH 2022-25)

BENGALI (HONOURS)

Paper : DSE 3

Date : 10/05/2025

Time : 11.00 am – 1.00 pm

Full Marks : 50

## মধ্যযুগ

১। ক) কৃষ্ণতত্ত্ব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

অথবা

(১২)

খ) পরিকরতত্ত্ব সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।

২। ক) তোমার পঠিত 'রায়মঙ্গল' কাব্যের কর্ণধার চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

অথবা

(১৩)

খ) 'রায়মঙ্গল' কাব্যের আর্থ ও অনার্থ সংস্কৃতির মিলনমিশ্রণের যে পরিচয় আছে, তার স্বরূপ দেখাও।

৩। ক) রুদ্রপ্রসাদ চক্রবর্তীর 'ফুল্লকেতুর পালা' নাটকে পালাগানের গুরুত্ব বিষয়ে লেখো।

অথবা

(১২)

খ) মধ্যযুগের মঙ্গলকাব্যধারার অন্তর্গত 'অভয়ামঙ্গল' কাব্যের অভিনব রূপায়ন হল 'ফুল্লকেতুর পালা', — মুকুন্দ চক্রবর্তী ও রুদ্রপ্রসাদ চক্রবর্তীর গ্রন্থের তুলনামূলক পাঠ থেকে দেখাও কীভাবে রুদ্রপ্রসাদ মুকুন্দের কাব্যকে পুনর্গঠন করেছেন?

৪। ক) 'ক্ষমা করো হে প্রভু' উপন্যাসে গোরার দলিত আন্দোলনে যোগদান এবং দলিত ভাবনা ব্যাখ্যা করো।

অথবা

(১৩)

খ) চৈতন্য জীবনী কাব্য থেকে সরে এসে বিষয় ও চরিত্র ভাবনায় 'ক্ষমা করো হে প্রভু' উপন্যাস যে স্বাতন্ত্র্যের পরিচয় দিয়েছে, সেই বিষয় সম্পর্কে তোমার ধারণা স্পষ্ট করো।

## কথাসাহিত্য

- ১। ক) কালিদাস ও হৈমশ্রীর মহাকাব্যিক প্রেমগাথায় মালিনী কি কেবল একজন অনুঘটকের কাজ করেছিল, নাকি কালিদাসের প্রতি মালিনীরও অনুরাগের সঞ্চয় হয়েছিল — ‘কুমারসম্ভবের কবি’ অবলম্বনে আলোচনা করো।

অথবা

(১২)

- খ) ছোটগল্পের আঙ্গিককে অতিক্রম করে ‘কুমারসম্ভবের কবি’ একটি সার্থক ঐতিহাসিক উপন্যাস। — আলোচনা করো।

- ২। ক) রমাপদ চৌধুরীর ‘বাহিরি’ উপন্যাসে তথাকথিত ভদ্র সম্প্রদায়ের মানবিক মূল্যবোধহীনতার যে পরিচয় পাওয়া যায়, তার স্বরূপ আলোচনা করো।

অথবা

(১৩)

- খ) ‘বাহিরি’ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র বংশী না সঞ্জয়? এ বিষয়ে তোমার মতামত যুক্তিসহ উপস্থাপন করো।

- ৩। ক) ‘হাজার চুরাশির মা’ উপন্যাসে শাসকশ্রেণির স্বরূপের কী পরিচয় লেখক তুলে ধরেছেন ব্যাখ্যা করো।

অথবা

(১২)

- খ) ‘হাজার চুরাশির মা’ কে এবং কেন? আলোচনা করো।

- ৪। ক) ‘শানা বাউরির কথকতা’ গল্পে সমরেশ বসু নিম্নবিত্ত সমাজের প্রতিনিধি এক নারীর জীবন অভিজ্ঞতা এবং কীভাবে সে তার জীবনের নানা প্রতিকূলতার মোকাবিলা করে — তার স্বরূপ তুলে ধরে লেখকের সমাজচিন্তন ও জীবনাভিজ্ঞতার পরিচয় দাও।

অথবা

(১৩)

- খ) শিবরাম চক্রবর্তীর ‘দেবতার জন্ম’ গল্প জুড়ে দেবতার যে জন্ম-বৃত্তান্ত বিবৃত হয়েছে, তা ব্যাখ্যা করো।

————— × —————